



## মাননীয় মেয়র" পরিচয়ে নগরভবনে সভা করলেন ইশরাক হোসেন



সংগৃহীত ছবি

মেয়র হিসেবে আগেই ইশরাক হোসেন ঘোষণা দিয়েছিলেন। আইনি জটিলতা দেখিয়ে স্থানীয় সরকার বিভাগ তাকে ঢাকা দক্ষিণ সিটি করপোরেশনের মেয়র হিসেবে শপথ পড়ানোর আয়োজন করেনি। আদালতের রায়ে মেয়র ঘোষণা হওয়ার পর নির্বাচন কমিশনের গেজেট প্রকাশ করে। তাই ইশরাক হোসেনের সমর্থকদের নিয়ে শপথ আয়োজন করবেন।

আজ সোমবার (১৬ জুন) নগর ভবনের কনফারেন্স রুমে সভা করেছেন ইশরাক হোসেন। প্রথমবারের মতো নগরভবনে সভা করেন তিনি। সভার ব্যানারে ইশরাক হোসেনের নামের সাথে 'মাননীয় মেয়র' হিসেবে উল্লেখ করেছে।

সভায় উপস্থিত ছিলেন, নগর ভবনের ঢাকা দক্ষিণ সিটি করপোরেশনের বর্জ্য ব্যবস্থাপনা বিভাগের কর্মকর্তা ও কর্মচারীরা। পরিচ্ছন্ন ঢাকা ও নাগরিকদের সেবা নিশ্চিত করার লক্ষ্যে সভার আয়োজন করা হয়েছে বলে জানিয়েছেন আয়োজক কমিটি। সভায় প্রধান অতিথি হিসেবে ইশরাক হোসেন উপস্থিত ছিলেন।

সভার মধ্যে মতবিনিময় কালে ইশরাক হোসেনকে ফুলেল শুভেচ্ছা ও ক্রেস্ট প্রদান করতে দেখা গেছে কয়েকজনকে।

এর আগে গতকাল রবিবার ইশরাক ঘোষণা দিয়েছিলেন; জনগণের দৈনন্দিন সেবা, আমাদের তত্ত্বাবধানে চালু থাকবে। এছাড়া প্রধান ফটকে তালা দেওয়া থাকবে।

এদিকে আজও ইশরাক হোসেনকে ঢাকা দক্ষিণ সিটির মেয়র হিসেবে শপথ দেওয়ার দাবিতে নগর ভবনের সামনে অবস্থান নেন তার সমর্থকরা। সকাল ১১টার পর নগর ভবনে আসেন ইশরাক হোসেন ও এতে যোগ দেন।